



**গ্রামীণ কৃষি মৌসম সেবা**  
ভারত আবহাওয়া বিজ্ঞান বিভাগ  
কল্যাণ। গ্রাম-বনগোবাড়ি বিবেকানন্দ নগর  
পুরুলিয়া



## কৃষি আবহাওয়া উপদেষ্টা বুলেটিন

তারিখ : 28-11-2023

পুরুলিয়া(পশ্চিম বঙ্গ) আবহাওয়ার পূর্বাভাস - প্রকাশনার তারিখ :2023-11-28 ( পরের ৫ দিন সকাল ০৮:৩০ পর্যন্ত বৈধ)

পরিমাপক	2023-11-29	2023-11-30	2023-12-01	2023-12-02	2023-12-03
বৃষ্টিপাত (মি:মি:)	1	0	0	0	0
সর্বোচ্চ তাপমাত্রা (°C)	29.5	30.4	31.0	31.2	29.9
সর্বনিম্ন তাপমাত্রা (°C)	15.9	15.2	15.4	15.7	16.0
সকালের আপেক্ষিক আর্দ্রতা	57	58	50	46	47
বিকেলের আপেক্ষিক আর্দ্রতা	35	33	29	24	29
বাতাসের গতিবেগ (কি:মি:/ঘন্টা)	7	6	7	8	7
বাতাসের দিকনির্দেশ (ডিগ্রি)	333	30	32	32	34
মেঘের অবস্থা (ওকটা)	7	1	3	7	8

### আবহাওয়ার সংক্ষিপ্তসার/সতর্কবার্তা::

আগামী পাঁচদিন জেলার বেশিরভাগ স্থানে আংশিক মেঘলা আকাশ এবং প্রধানত শুষ্ক আবহাওয়া থাকার সম্ভাবনা রয়েছে। গড় সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা যথাক্রমে ২৯-৩১ এবং ১৫-১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকার সম্ভাবনা আছে। এই সময় বাতাস প্রধানত উত্তর-পশ্চিম দিক দিয়ে গড়ে ৭ কিমি প্রতি ঘন্টা বেগে বয়ে যেতে পারে।

### সাধারণ পরামর্শাবলী::

আগামী পাঁচদিন আবহাওয়া শুষ্ক ও পরিষ্কার থাকার সম্ভাবনা থাকায় যে সমস্ত জমিতে সময়ে রোপন করা স্বল্প এবং মধ্য মেয়াদী আমন ধান ৮০% এর বেশি পরিপক্ব হয়ে গেছে তারা ধান কাটার কাজে দ্রুত শেষ করুন এবং বাড়াই করে নিরাপদ স্থানে সংগ্রহ করুন। মধ্যম মাত্রার আবহাওয়ার পূর্বাভাস ও আবহাওয়াভিত্তিক কৃষি পরামর্শের জন্য কৃষক ভাইয়েরা মেঘদূত এপ্সের ব্যবহার করতে পারেন।

### বার্তামূলক পরামর্শ:

যে সমস্ত জমিতে পর্যাপ্ত সেচের ব্যবস্থা রয়েছে তারা আলু লাগানোর জন্য জমি তৈরী দ্রুত শুরু করুন।

### ফসল বিশেষ পরামর্শাবলী::

ফসল	ফসল বিশেষ পরামর্শাবলী:
মুগড ডাল	এই সময় ডালশস্য হিসাবে ছোলা, খেসারি ও মুসুরের বীজ বপনের কাজ শেষ করুন। বপনের পূর্বে বীজশোধনের জন্য থাইরাম প্রতি কেজিতে ২ গ্রাম করে ব্যবহার করুন।
সারিষা	যে সমস্ত চাষি ভাইরা জমি থেকে ধান সংগ্রহ করে নিয়েছেন তারা সেই জমিতে সর্ষের বীজ বপনের কাজে দ্রুত সম্পন্ন করুন। চূড়ান্ত জমি প্রস্তুতির সময় ইউরিয়া বিঘা প্রতি ৫ কেজি, সিঙ্গেল সুপার ফসফেট বিঘা প্রতি ৩০ কেজি, পটাশ বিঘা প্রতি ৭ কেজি এবং সালফার বিঘা

ফসল	ফসল বিশেষ পরামর্শাবলী:
	প্রতি ৪ কেজি হারে প্রয়োগ করার পরামর্শ দেওয়া হচ্ছে। দেশি জাতের ক্ষেত্রে প্রতি বিঘাতে ১ কেজি হারে এবং হাইব্রিড জাতের ক্ষেত্রে প্রতি বিঘাতে ৩০০-৩৫০ গ্রাম হারে বীজ প্রয়োগ করুন।

### উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী::

উদ্যানপালন	উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী:
ফুলকপি	এই সময় কপি গোত্রীয় সবজি যেমন ফুলকপি, বাঁধাকপিতে পাতা খেঁকো ল্যাডা পোকাকার আক্রমণের সম্ভাবনা রয়েছে। পোকাকার আক্রমণ বেশি হলে নিমপাতা বা তামাক পাতার নির্যাস 10 মিলি প্রতি লিটার সাবান মিশ্রিত জলের সাথে স্প্রে করুন। এছাড়া রাসায়নিক নিয়ন্ত্রণের জন্য ইনডোক্সাকার্ব বা নোভালুরন 1 মিলি প্রতি লিটার জলের সাথে স্প্রে করতে পারেন।

### পশুসম্পত্তি বিশেষ পরামর্শাবলী::

পশুসম্পত্তি	পশুসম্পত্তি বিশেষ পরামর্শাবলী:
গরু	সবুজ গো খাদ্যের সাথে পর্যাপ্ত পরিমাণে প্রোটিন, মিনারেল এবং ভিটামিনের মিশ্রণ প্রয়োগ করুন, এতে দুধের পরিমাণ বৃদ্ধি পাবে।

